

যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ১৯৩২

১/ বিবিধ

আরবী

ذكر الأنبياء من العبادة، وذكر الصالحين كفارة الذنوب، وذكر الموت صدقة، وذكر النار من الجهاد، وذكر القبر يقربكم من الجنة، وذكر النار يباعدكم من النار، وأفضل العبادة ترك الجهل، ورأس مال العالم ترك الكبر، وثمر الجنة ترك الحسد، والندامة من الذنوب التوبة الصادقة

موضوع

رواه الديلمي (2 / 82 / 1) من طريق أبي علي بن الأشعث: حدثنا شريح ابن عبد الكريم حدثنا جعفر بن محمد بن جعفر بن محمد بن علي الحسيني أبو الفضل في " كتاب العروس ": حدثنا الوليد بن مسلم حدثنا محمد بن راشد عن مكحول عن معاذ بن جبل مرفوعا. وابن الأشعث كذبوه. كذا في " ذيل الأحاديث الموضوعة " للسيوطي (ص 194 - 195) . قلت: ومع ذلك فقد أورده في " الجامع الصغير " من رواية الديلمي هذه عن معاذ! ومن غرائبه أنه أورد منه طرفه الأول الحاوي على الجمل الخمسة دون الرابعة منها، فأوهم أنه ليس عند الديلمي بهذا التمام! ثم إن ابن الأشعث اسمه محمد بن محمد بن الأشعث، قال الدارقطني: " آية من آيات الله، وضع ذاك الكتاب - يعني العلويات - ". وساق له ابن عدي جملة موضوعات. وأعله المناوي بعلمين آخرين لا وزن لهما هنا، ثم اقتصر في " التيسير " على قوله: إسناده ضعيف

১৯৩২। নবীগণের আলোচনা করা ইবাদাতে অন্তর্ভুক্ত। নেককারদের আলোচনা করা গুনাহের কাফফারাহ স্বরূপ। মৃত্যুকে স্মরণ করা হচ্ছে সাদাকাহ। জাহান্নামের আগুনকে স্মরণ করা হচ্ছে জিহাদ। কবরের স্মরণ তোমাদেরকে জান্নাতের নিকটবর্তী করে দিবে আর জাহান্নামের স্মরণ তোমাদেরকে জাহান্নামের আগুন হতে দূরে সরিয়ে দিবে। সর্বোত্তম ইবাদাত হচ্ছে অজ্ঞতাকে ত্যাগ করা। আলেমের সম্পদের মূলধন হচ্ছে অহংকারকে ত্যাগ করা। জান্নাতের মূল্য হচ্ছে হিংসাকে ত্যাগ করা। গুনাহের ব্যাপারে দুঃখিত হওয়া হচ্ছে সত্যিকারের তওবা।

হাদীসটি বানোয়াট।

এটিকে দাইলামী (২/৮২/১) আবু আলী ইবনুল আশয়াস সূত্রে শুরাইহ ইবনু আব্দুল কারীম হতে, তিনি জা'ফার ইবনু মুহাম্মাদ ইবনু জা'ফার ইবনু মুহাম্মাদ ইবনু আলী হুসাইনী আবুল ফাযল হতে (কিতাবুল আরুস), তিনি অলীদ ইবনু মুসলিম হতে, তিনি মুহাম্মাদ ইবনু রাশেদ হতে, তিনি মাকহূল হতে, তিনি মুয়ায ইবনু জাবাল (রাঃ) হতে মারফু হিসেবে বর্ণনা করেছেন।

ইবনুল আশয়াসকে মুহাদ্দিসগণ মিথ্যুক আখ্যা দিয়েছেন। সুযুতীর "যাইলুল আহাদীসিল মাওয়ুয়াহ" গ্রন্থে (পৃঃ ১৯৪-১৯৫) এরূপই এসেছে।

আমি (আলবানী) বলছি তা সত্ত্বেও তিনি (সুযুতী) "আলজামেউস সাগীর" গ্রন্থে হাদীসটিকে দাইলামীর বর্ণনা হতে মুয়ায ইবনু জাবাল (রাঃ) এর উদ্ধৃতিতে উল্লেখ করেছেন।

ইবনু আসয়াসের নাম হচ্ছে মুহাম্মাদ ইবনু মুহাম্মাদ ইবনুল আসয়াস। দারাকুতনী বলেনঃ তিনি আল্লাহর আয়াতসমূহের একটি আয়াত। তিনি সে কিতাবটি অর্থাৎ "আল'ওলাবিয়াত" গ্রন্থটি জাল করেছেন।

ইবনু আদী তার কতিপয় বানোয়াট হাদীস উল্লেখ করেছেন। মানবী হাদীসটির আরো দুটি সমস্যা বর্ণনা করেছেন এখানে সেগুলোর কোন মূল্য নেই। অতঃপর তিনি "আততাইসীর" গ্রন্থে শুধুমাত্র বলেছেনঃ এর সনদটি দুর্বল।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=72815>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন